Bengali

# IDNYC আবেদনপত্র

14 এবং তার বেশি বয়সী আবেদনকারীদের জন্য

আমার IDNYC নম্বর হল:

অনুগ্রহ করে পরিষ্কারভাবে প্রিন্ট করুন

## আবেদনের প্রকার - একটি নির্বাচন করুন

**নতুন আবেদন:** ☐ প্রথম IDNYC আবেদনপত্র। ☐ কার্ডের মেয়াদ 6 মাস আগে শেষ হয়েছে।

☐ **পুনর্নবীকরণ** (60 দিনের মধ্যে কার্ডের মেয়াদ সমাপ্ত হয়ে যাবে অথবা 6 মাসেরও কম সময়ের আগে মেয়াদ সমাপ্ত হয়ে গেছে।) ☐ **পুনঃআবেদন:** (কখনই কার্ড পাইনি এবং আবার আবেদন করতে হবে।)

☐ **কার্ড আপডেট করুন: আমাকে আমার কার্ডে তথ্য আপডেট করতে হবে।** (এনরোলমেন্ট সেন্টারে মেয়াদ উত্তীর্ণ IDNYC কার্ড আনা আবশ্যক।)

☐ **কার্ড বদলান: হারিয়েছে/চুরি গেছে/নষ্ট হয়ে গেছে/ধ্বংস হয়ে গেছে** (আবেদনকারীকে হার্ডশিপ ফি ওয়েভার/ আর্থিক অনটনের কারণে ফী মুকুবের ফর্মে স্বাক্ষর না করলে বদলানোর জন্য খরচ $10। এই আবেদন জমা করার আগে আপনি অনলাইনে মূল্য পরিশোধ করতে পারেন। নিজে এসে মূল্য পরিশোধ করতে, আপনাকে অবশ্যই অর্থ দপ্তরের অফিসে অবস্থিত IDNYC এনরোলমেন্ট সেন্টারে এই আবেদন জমা দিতে হবে। আরো তথ্যের জন্য www.nyc.gov/idnyc দেখুন।)

## আবেদনকারীর তথ্য

☐ যদি একজন কেয়ারটেকারের সঙ্গে আবেদন করেন তাহলে এখানে টিক দিন

1. নাম:

2. মাঝের নাম বা আদ্যাক্ষর:

3. পদবি:

4. জন্ম তারিখ: M M / D D / Y Y Y Y

5. চোখের রঙ: বাদামী ☐ হালকা বাদামী ☐ কালো ☐ নীল ☐ সবুজ ☐ ধূসর ☐ একাধিক রঙ ☐

6. উচ্চতা: ফুট ইঞ্চি

7. লিঙ্গ: মহিলা ☐ পুরুষ ☐ X (মহিলা অথবা পুরুষ নয়) ☐ নির্দিষ্ট নয় ☐

8. ইমেল: ____________________
আপনার ইমেল/ফোন অভ্যন্তরীণ ব্যবহারের জন্য ব্যবহার করা হবে

9. ফোন: ___ - ___ - ____

10. পছন্দের ভাষা (ASL সহ) 2টি পর্যন্ত: ____________________

11. প্রাক্তন সৈনিক: ☐ আপনি ইউ.এস. আর্মড ফোর্সেস, ন্যাশনাল গার্ড অথবা রিজার্ভস-এ কাজ করা প্রাক্তন সৈনিক হলে এবং আপনার কার্ডের সামনে "প্রাক্তন সৈনিক" মুদ্রণ করাতে চাইলে এই ঘরে টিক দিন।

12. **ডোনেট লাইফ রেজিস্ট্রি:** নিউই য়র্কের স্বাস্থ্য দপ্তরের (New York State Department of Health, NYS DOH) ডোনেট লাইফ রেজিস্ট্রি-তে নথিভুক্ত হতে গেলে আপনাকে "হ্যাঁ" বাক্সে টিক দিতে হবে এবং আপনাকে নাম সই করতে হবে। আপনি নিশ্চিত করছেন যে আপনার 16 বছর বা তার বেশি বয়স; আপনি সম্মতি জানাচ্ছেন প্রতিস্থাপন, গবেষণা অথবা উভয়ের জন্য আপনার সমস্ত অঙ্গ ও টিস্যু দান করতে; আপনি নিউ ইয়র্ক শহরকে অনুমতি দিচ্ছেন আপনার নাম ও চিহ্নিতকারী তথ্য NYS DOH-কে হস্তান্তর করতে নথিভুক্তির জন্য; এবং NYS DOH-কে অনুমতি দিচ্ছেন যাতে তারা আপনার মৃত্যুর পর কেন্দ্র নিয়ন্ত্রিত অঙ্গ দাতা সংস্থাগুলিকে এবং NYS-লাইসেন্সকৃত টিস্যু এবং চক্ষু ব্যাঙ্ক ও হাসপাতালকে এই তথ্য দেখার অনুমতি পাবে। আপনার কার্ডের সামনে "অঙ্গদাতা" ছাপা থাকবে। যোগ্য হওয়ার জন্য আপনার কার্ডে একটি ঠিকানা থাকা আবশ্যক। এছাড়াও আপনি NYS DOH থেকে একটি অতিরিক্ত নিশ্চিতকরণ পাবেন, যা আপনাকে সুযোগ দেবে আপনার দান করার পরিধি সীমিত করতে।

**আপনার বয়স কি 16 বছর বা তার বেশি এবং আপনি কি ডোনেট লাইফ রেজিস্ট্রি-তে যোগ দিতে চাইবেন? হ্যাঁ:** ☐ M M / D D / Y Y Y Y

দাতার সম্মতির স্বাক্ষর: ____________________

## ঠিকানা

13. নম্বর এবং রাস্তা:

অ্যাপাঃ # / Fl. / স্যুট / ইউনিট / রু

সিটি: স্টেট: N Y জিপ কোড:

বরো (✓একটিতে টিক দিন): BRONX ☐ BROOKLYN ☐ MANHATTAN ☐ QUEENS ☐ STATEN ISLAND ☐

14. **কার্ডে এমন একজনকে চিহ্নিত করুন যাকে আপৎকালীন অবস্থায় যোগাযোগ করা যাবে: (ঐচ্ছিক)**

ফোন: ___ - ___ - ____

নাম পদবি

## প্রত্যয়ন

15. **আবেদনকারীর এবং পরিচর্যাকারীর প্রত্যয়ন (যদি প্রযোজ্য হয়):** আমি নিশ্চিত করছি যে আবেদনকারী নিউ ইয়র্ক শহরে বসবাস করেন; এবং যে সমস্ত ডকুমেন্ট জমা দেওয়া হয়েছে ও এই আবেদনপত্রে প্রদত্ত সমস্ত তথ্য আমার জানামতে সত্য। আমি প্রত্যায়িত করছি যে এই আবেদনপত্রে সই করে আমার জমা দেওয়া তথ্য যাচাই ও নিশ্চিত করার ক্ষেত্রে নিউ ইয়র্ক সিটি যে অনুসন্ধান করবে তাতে আমি সম্মত হচ্ছি। আমি বুঝেছি যে এই অনুসন্ধানে NYC সমাজসেবা বিভাগ (Department of Social Services) বা অন্যান্য সিটি এজেন্সির থেকে আমার সম্বন্ধে নির্দিষ্ট তথ্যের অ্যাক্সেস IDNYC করতে পারে, সরকারী সহায়তা সংক্রান্ত তথ্য এর অন্তর্ভুক্ত, তবে এতেই সীমিত নয়।

আবেদনকারীর স্বাক্ষর পরিচর্যাকারীর স্বাক্ষর (যদি প্রযোজ্য হয়) M M / D D / Y Y Y Y আজকের তারিখ

**আবেদনের অনুমোদন জমা দেওয়া ডকুমেন্টের পর্যাপ্ততা ও বৈধতার উপর নির্ভর করে।**

| | | | |
|---|---|---|---|
| OFFICIAL USE ONLY | Date: | ☐ C/O: ____________________ NAME OF CARE-OF ORGANIZATION | ☐ Omit Address |
| | Print Initials: | | |

# IDNYC আবেদনপত্রের নির্দেশিকা

## একটি IDNYC কার্ডের জন্য আবেদন করতে গেলে আপনার নিম্নলিখিত যোগ্যতাগুলি থাকতে হবে:

1. অন্তত 4 পয়েন্ট ডকুমেন্ট যেখানে অন্তত 3 পয়েন্টের পরিচিত এবং 1 পয়েন্টের ঠিকানার প্রমাণপত্র।
2. জমা দেওয়া অন্তত 1টি ডকুমেন্টে ছবি থাকতে হবে যদি না আবেদনকারীর সঙ্গে একজন পরিচর্যাকারী উপস্থিত থাকে।
3. জমা দেওয়া অন্তত 1টি ডকুমেন্টে জন্মের তারিখ থাকতে হবে।

IDNYC ডকুমেন্ট নির্দেশিকায় উল্লিখিত পরিস্থিতি ছাড়া কোনো মেয়াদ উত্তীর্ণ ডকুমেন্ট গ্রাহ্য হবে না।
কেবলমাত্র আসল ডকুমেন্ট ও প্রদানকারী কর্তৃপক্ষের দ্বারা সার্টিফায়েড কপি নেওয়া হবে; ল্যামিনেট করা ডকুমেন্ট শুধু সেই ক্ষেত্রেই গ্রহণ করা হবে যদি তা ল্যামিনেট করা অবস্থাতেই মূলত প্রদান করা হয়ে থাকে।

## নামগুলোর ধারাবাহিকতা

আপনার যাবতীয় ডকুমেন্টে আপনার নাম একে অন্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া আবশ্যক। আপনার IDNYC আবেদনের নাম আপনার সবচেয়ে মূল্যবান পরিচয়পত্রের সঙ্গে এক হওয়া আবশ্যক (যেমন, আপনার পাসপোর্ট, ড্রাইভার লাইসেন্স, জন্মের শংসাপত্র, উপদূতাবাসের ID, ইত্যাদি) যদি না আপনি কোন আদালতের আদেশ, বিবাহের শংসাপত্র, অথবা সরকারের দ্বারা জারি করা অন্য কোনো ডকুমেন্টের মাধ্যমে আইনত আপনার নামের পরিবর্তন প্রতিষ্ঠা করতে পারেন। যে সমস্ত ক্ষেত্রে আবেদনকারী পরিচয়পত্রের দুটি ডকুমেন্ট প্রদান করেছেন যেগুলির পয়েন্টের নম্বর সমান, সেই ক্ষেত্রে যে ডকুমেন্টটিতে ছবি সহ নাম রয়েছে তার নামটিই IDNYC প্রদর্শন করবে।

## 10-13 বছর বয়সী আবেদনকারী

IDNYC কার্ডের জন্য আবেদনের ন্যূনতম বয়স 10 বছর। 10-13 বছর বয়সী সব আবেদনকারীকে জন পরিচর্যাকারীর সঙ্গে আবেদন করতে হবে, যিনি আবেদনপত্রে স্বাক্ষর করবেন। অবশ্যই আপৎকালীন যোগাযোগ প্রদান করতে হবে এবং কার্ড থেকে ঠিকানা বাদ দেওয়া হতে পারে।

## ছবি ছাড়া বা বাসস্থানের প্রমাণপত্র ছাড়া 14-21 বছর বয়সী আবেদনকারীরা

14 থেকে 21 বছর বয়স্ক আবেদনকারীরা কোনো স্ব-চিত্র পরিচয়পত্র অথবা আবাসনের প্রমাণপত্র ছাড়াই আবেদন করতে পারে, যদি তাদের সাথে একজন কেয়ারটেকার থাকেন যিনি আবেদনকারীর সাথে তার সম্পর্কের প্রমাণপত্র দিতে পারবেন। একজন যোগ্য কেয়ারটেকার হলেন জন্মদাতা/জন্মদাত্রী পিতা-মাতা, দত্তকগ্রহণকারী পিতা-মাতা, সৎ পিতা-মাতা, আইনসম্মত অভিভাবক, পালক পিতা-মাতা, NYC অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স সার্ভিসেস (Administration for Children's Services, ACS) বা ACS পালক পরিচর্যা এজেন্সির কোন কর্মী, অথবা ইউ.এস. স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ (U.S. Department of Health and Human Services)-এর শরণার্থী পুনর্বাসনের অফিস (Office of Refugee Resettlement) নিযুক্ত অপ্রাপ্তবয়স্কের কোন প্রাপ্তবয়স্ক স্পনসর।

## প্রতিবন্ধী আবেদনকারীরা ছবি ছাড়া বা বাসস্থানের প্রমাণপত্র ছাড়া আবেদন করতে পারেন

ছবি সহ পরিচয়পত্র বা ঠিকানার প্রমাণ নেই এমন প্রতিবন্ধী আবেদনকারীরা বয়স নির্বিশেষে আবেদন করতে পারে, যদি তাদের সাথে একজন পরিচর্যাকারী থাকেন যিনি আবেদনকারীর সাথে তার সম্পর্কের প্রমাণ দিতে পারবেন। যেকোন বয়সী আবেদনকারীদের জন্য যোগ্য পরিচর্যাকারী: বিকাশগত প্রতিবন্ধকতা থাকা মানুষদের জন্য NY স্টেট অফিস (People with Developmental Disabilities, OPWDD), NYS স্বাস্থ্য দপ্তর (NYS Department of Health, NYS DOH), নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্যের অফিস (New York State Office of Mental Health, NYS OMH), NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধির (NYC Department of Health and Mental Hygiene, NYC DOHMH) **এর অনুমোদিত কর্মীরা**, ACS, একটি নির্ধারিত ACS পালক পরিচর্যা এজেন্সি, বা কোনো OPWDD, NYS DOH বা NYC DOHMH পরিষেবা প্রদানকারী, যার অন্তর্ভুক্ত হল OPWDD, NYS OMH, NYS DOH বা NYC DOHMH দ্বারা পরিচালিত, প্রত্যয়িত, লাইসেন্সপ্রদত্ত, বা অর্থপ্রদত্ত আবাসিক পরিচর্যা কেন্দ্রের কর্মীরা; **আবেদনকারীর সঙ্গে বসবাস করেন এমন একজন** যাকে OPWDD বিকাশগত প্রতিবন্ধকতা থাকা একজন মানুষ বলে গণ্য করেছেন; অথবা একজন আবেদনকারীর সোশ্যাল সিকিউরিটি প্রতিনিধি পেয়ি।

## একজন পরিচর্যাকারীর সঙ্গে আবেদন করছেন এমন সমস্ত আবেদনকারী

পরিচর্যাকারী সহ আবেদন করছেন এমন একজন আবেদনকারীকে জন্মতারিখ সহ অন্তত 2 পয়েন্টের পরিচয়ের প্রমাণপত্রের ডমুকেন্ট অবশ্যই প্রদান করতে হবে। IDNYC ডকুমেন্ট নির্দেশিকার পরিচর্যাকারী বিভাগে যেমন বলা আছে ঠিক সেইভাবেই আবেদনকারী ও কেয়ারটেকারকে পরিচর্যাকারীর সঙ্গে সম্পর্কের প্রমাণপত্র দেখাতে হবে । পরিচর্যাকারী তার ছবি সহ পরিচয় পত্র সহ তার নিজের পরিচয়ের প্রমাণ করতে অন্তত 3 পয়েন্ট ডকুমেন্ট দিতে হবে। যদি আবেদনকারী বাসস্থানের প্রমাণপত্র দিতে না পারেন এবং একজন পরিচর্যাকারীর সঙ্গে বসবাস করেন তাহলে পরিচর্যাকারী IDNYC ডকুমেন্ট নির্দেশিকায় তালিকাভুক্ত বাসস্থানের প্রমাণপত্রের ডকুমেন্টের একটি দিয়ে নিজের ঠিকানার প্রমাণ দিতে পারেন এবং একটি প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে যেখানে বলা থাকবে যে আবেদনকারী পরিচর্যাকারীর সঙ্গে থাকেন। সমস্ত পরিচর্যাকারীকে অবশ্যই IDNYC আবেদন পত্রে স্বাক্ষর করতে হবে। যে সকল কর্মী পরিচর্যাকারী হিসেবে কাজ করেন, তাদেরকে অবশ্যই তাদের কর্মী আইডি দেখাতে হবে।

## গৃহহীন বা গৃহ হিংসা থেকে বেঁচে গেছেন এমন আবেদনকারীদের জন্য আবাসন।

গৃহহীনদের আশ্রয়স্থলে থাকেন এমন কোনো ব্যক্তি আশ্রয়স্থলের ঠিকানা উল্লেখ করে চিঠি দিতে পারেন, যেখানে বলা থাকবে যে অন্তত 15 দিন তিনি সেখানে ছিলেন এবং আশ্রয়স্থল আবাসিকদের অন্তত 30 দিন বাসস্থানে থাকার অনুমতি দেয়। কার্ডে আশ্রয়স্থলের ঠিকানা থাকবে। যদি কোনো আবেদনকারীর বাসার ঠিকানা না থাকে অথবা তারা গৃহ হিংসার শিকার হয়ে বাসাছাড়া থাকেন, তাকে নিউ ইয়র্ক শহরে বাসস্থানের প্রমাণ দিতে হবে, কিন্তু অলাভজনক সংস্থা অথবা ধর্মীয় প্রতিষ্ঠানের নাম দিতে পারেন যার ঠিকানাটি কার্ডে আবেদনকারীর প্রচ্ছন্ন ঠিকানা হিসাবে দেখা যাবে অথবা কার্ড থেকে ঠিকানাটি বাদ দিতে পারেন। যে সব IDNYC কার্ডগুলোতে কোনো ঠিকানা থাকে না অথবা যেগুলিতে একটি প্রচ্ছন্ন ঠিকানা থাকে, সেগুলিকে নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে গ্রহণ নাও করা হতে পারে।
যে আবেদনকারী NYS ঠিকানা গোপনীয়তা প্রকল্পের (Address Confidentiality Program) অংশ বলে প্রমাণ দেন অথবা গৃহ হিংসা থেকে বেঁচে NYC আশ্রয়ে থাকেন তাদেরকেও প্রমাণ করতে হবে যে তারা নিউ ইয়র্ক শহরে বসবাস করেন। তাদের IDNYC কার্ডে P.O.বক্স থাকতে পারে বা কোন ঠিকানা নাও থাকতে পারে।

## ভেটেরান মনোনয়ন

আপনার সামরিক পরিষেবার প্রমাণ জোগাড় করতে সাহায্যের প্রয়োজন হলে NYC ডিপার্টমেন্ট অব ভেটেরান্স' সার্ভিসেস (NYC Department of Veterans'Services ) সেই সাহায্য করতে পারে। আপনি তাঁদের কাছে অনলাইনে www.nyc.gov/veterans-এ, অথবা 311-এ কল করে পৌঁছতে পারেন।

## IDNYC CARD কার্ড পুনর্নবীকরণ

কার্ডের মেয়াদ সমাপ্তির 60 দিন আগে পর্যন্ত পুনর্নবীকরণের জন্য IDNYC কার্ডগুলি বৈধ। কার্ডের মেয়াদ সমাপ্ত হওয়ার 60 দিন আগে পুনর্নবীকরণ মেয়াদ আরম্ভ হয় এবং 6 মাস পর সমাপ্ত হয়ে যায়। যদি কোনও ব্যক্তি কার্ডের মেয়াদ সমাপ্তির 6 মাস পর কার্ডের অনুরোধ করেন তাহলে সেটিকে একটি নতুন আবেদন হিসেবে বিবেচনা করা হবে। কার্ডের পুনর্নবীকরণের ব্যাপারে যে কোনও সাহায্যের জন্য IDNYC নথিভুক্তকরণ কেন্দ্রে যান।

## প্রতিস্থাপিত কার্ড

হারিয়ে যাওয়া, চুরি হয়ে যাওয়া অথবা ক্ষতিগ্রস্ত কার্ড পরিবর্তন করার জন্য $10-এর ফি লাগবে, যদি না আবেদনকারী একটি হার্ডশিপ ওয়েভারের জন্য স্বাক্ষর করে থাকেন অথবা কার্ড চুরি হয়ে যাওয়ার প্রমাণ সহ আধিকারিক নথিপত্র থাকে। আপনাকে পরিবর্তিত কার্ডের জন্য IDNYC ডিপার্টমেন্ট অফ ফিনান্স এনরোলমেন্ট সেন্টারে অবশ্যই পেমেন্ট জমা করতে হবে।

NYC
Eric Adams
মেয়র